# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 28 June, 2025

সিলেট শামসুদ্দিন হাসপাতালে করোনায় ১ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। সারাদেশে করোনা ভাইরাসের নতুন সাব-ভ্যারিয়েন্ট এর সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় পর সিলেট এ ভাইরাসে আক্রান্ত এক জনের প্রথম মৃত্যু হয়েছে।

শনিবার (২৮ জুন ২০২৫ইং) দুপরে এ তথ্যটি নিশ্চিত করেছে সিলেট বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তর। নতুন করে করোনার আক্রমন শুরুর পর সিলেটে প্রথম এই কোন রোগী মারা গেলেন বলে জানান।

স্বাস্থ্য অধিদপ্তর জানায়, করোনায় আক্রান্ত ৬৯ বছর বয়েসি পুরুষ ১৯ জুন শহীদ শামসুদ্দিন হাসপাতালে ভর্তি হয়ে ছিলেন।বৃহস্পতিবার রাতে মারা যান তিনি।এছাড়া সিলেটে এ পর্যন্ত করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ২০ জন বলে জানায় স্বাস্থ্য অধিদপ্তর।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন শহীদ শামসুদ্দিন হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার মো. মিজানুর রহমান জানান, নিহত ব্যক্তির বাড়ি সিলেট সদর উপজেলায়।তিনি করোনা ছাড়াও আরও অন্যান্য জটিল রোগে আক্রান্ত ছিলেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 04:52

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073878